31

দৈনিক বাংলা

তারিখ ... 0 5 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ১

# লালমনিরহাটে সাক্ষরতা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দৃঢ় আশা প্রকাশ করেছেন যে আগামী ২৫ আগস্টের মধ্যে লালমনিরহাট জেলা নিরক্ষরতা মুক্ত হবে। এই প্রসঙ্গে তিনি বলেন যে শিক্ষার ক্ষেত্রে বয়স কোন বাধা নয় এবং অধিক বয়সে শিক্ষা শুরু করা লজ্জার বিষয় নয়।

একটি পুরো জেলার সকল অধিবাসী ২৫ আগস্টের মধ্যে নিরক্ষরতামুক্ত হবে, এটা নিঃসন্দেহে খুশীর খবর। আমাদের এই সাক্ষরতা বঞ্চিত সমাজে এটা যে একটা নতুন অধ্যায়ের সূচনা করবে, এতে কোন সন্দেহ নেই। এই সাফল্য সহজে অর্জিত হয়নি। এক বছর আগে নেয়া এক কর্মসূচী অনুযায়ী ২ লক্ষ ৬৮ হাজার নিরক্ষরকে সাক্ষর করার কাজ চলছে। এ সব নিরক্ষরের বয়স ১১ থেকে ৪৫ বছর। ইতিমধ্যেই ২৯ হাজার লোককে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করা হয়েছে। সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এই কর্মসূচী বাস্তবায়নে আর্থিক সহায়তা দিচ্ছে। নিরক্ষরতামুক্ত করার কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে ৭ হাজার শিক্ষা কেন্দ্রে। এতে পুরুষ শিক্ষার্থীদের রাতে ও মহিলাদের বিকেলে ক্লাস নেয়া হচ্ছে।

দেশকে নিরক্ষরতা মুক্ত করা জাতি গঠনের একটি প্রধান পূর্বশর্ত। গোটাজাতি শিক্ষিত হয়ে না উঠলে অন্তত নিরক্ষরতামুক্ত না হলে তার উন্নয়ন প্রয়াস বাধাপ্রাপ্ত হতে বাধ্য। সে কারণে বর্তমান সরকার দেশকে নিরক্ষরতার কবল থেকে মুক্ত করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। লালমনিরহাট জেলার জনগণকে নিরক্ষরতামুক্ত করা হলে তা বর্তমান সরকারের সাফল্য হিসাবেই বিবেচিত হবে।

এখানে প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে অতীতে এদেশে বিভিন্ন সময়ে সাক্ষরতা অভিযান চালানো হয়েছে। কিন্তু বিপুল অর্থ ব্যয় করা সত্ত্বেও নানা কারণে তা ব্যর্থ হয়েছে। এদেশের ইতিহাসে এই প্রথম সাক্ষরতা অভিযান সফল হতে চলেছে। এর পশ্চাতে একদিকে যেমন রয়েছে সরকারের অনুপ্রাণিত নেতৃত্ব, তেমনি লালমনিরহাটের শিক্ষিত সমাজের দৃঢ় সংকল্প। এই অভিযানের লক্ষ্য হল আমরা আর টিপসই দেব না। নিজের নাম নিজের হাতে লিখব। লিখতে শিখব। পড়তে শিখব। যতটা সম্ভব জ্ঞান অর্জন করব। বয়স এবং নারী-পুরুষ নির্বিশেষে লালমনিরহাট জেলার জনগণ সাক্ষর হবার জন্য সংকল্পবদ্ধ হয়েছে। আগামী ২৫ আগস্ট হবে তাদের সংকল্পের পরিপূর্ণ বাস্তবায়ন।

আমাদের বিশ্বাস, লালমনিরহাটে নিরক্ষরতা মোচনের যে যুগান্তকারী ঘটনা চলছে তা কেবল ঐ জেলার মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। এই দৃষ্টান্ত অনুসরণ করতে এগিয়ে আসবে অন্যান্য জেলার শিক্ষাব্রতীরাও। বর্তমান সরকারের শিক্ষা বিস্তারের নীতি অবশ্যই সুফল বয়ে আনবে।